# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌবাহিনী, খুলনা
ফোন নং ঃ ০২-৪৪১১-০৯৯০, ফ্যাক্স ঃ ৮৮০-৪১-৭২০৪০৪
ই-মেইল ঃ contact@khulnashipyard.com, oiccomf.ksy@gmail.com


সূত্র নং ঃ বাবি (এফ)-১৩/কার্গো পরিবহন /২০২২-২০২৩/ তারিখ: ১৯ জুন ২০২৩

মেসার্স... ... ... ... ... ... ... ... ... ... .......

... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

ম্যানেজিং ডাইরেক্টর, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে আমদানীকৃত সর্বমোট **৪২৬.৭৬১ মেট্রিক টন** Hot Rolled Steel Plate খুলনা শিপইয়ার্ডের জেটি পর্যন্ত নদী পথে বার্জ/কার্গোর মাধ্যমে পরিবহনের জন্য প্রকৃত পরিবহন ঠিকাদারের নিকট হতে সীল মোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নের ছক অনুযায়ী দরপত্র ফর্দ পূরন করে টেন্ডারের শর্তানুসারে অন্যান্য কাগজপত্র টেন্ডারের সাথে সংযুক্ত করতে হবে ঃ

| মালামালের বিবরণ | পরিমাণ | ওজন (মে.টন) | পরিবহন দর |
|---|---|---|---|
| Hot Rolled Steel Plate | ৩৫৯ পিস (১০৩ বান্ডেল) | ৪২৬.৭৬১ মে:টন | টন প্রতি দর: টাকা:............ |

**<u>শর্তাবলী ঃ</u>**

১। সর্বমোট ৪২৬.৭৬১ মেট্রিক টন Hot Rolled Steel Plate শিপমেন্ট হয়েছে। পরিবহনকৃত জাহাজ চট্টগ্রাম সমুদ্র বন্দরে আগমন সাপেক্ষে আনুমানিক ২৭ জুন ২০২৩ অথবা তৎপরবর্তি যে কোন সময়ের মধ্যে চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে পরিবহন করতে হবে। এক্ষেত্রে ঈদ-উল-আযহার বন্ধের কারণে কার্গো/ বার্জ বিলম্বে সরবরাহের কোন অযুহাত গ্রহণযোগ্য হবে না।

২। নদী পথে পরিবহনের ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট, নৌ ভান্ডার চট্টগ্রাম এর চাহিদা মোতাবেক/খুলনা শিপইয়ার্ড লিঃ এর নির্দেশ পাওয়ার পর পরই পরিবহন ঠিকাদার নিজ দায়িত্বে চট্টগ্রাম বন্দরের জেটিতে অবস্থানরত মাদার ভেসেল হতে সরাসরি কার্গো/বার্জ এ মালামাল লোড করতে হবে। এই উদ্দেশ্যে খুশিলির নির্দেশ পাওয়া মাত্রই প্রয়োজনীয় কার্গো/ বার্জ চট্টগ্রাম সমুদ্র বন্দরের জেটিতে অথবা পরিবহনকৃত মূল জাহাজের পাশে খুশিলির নির্দেশনা মোতাবেক অবস্থান নিতে হবে। ইহার জন্য বন্দর কর্তৃপক্ষ বা অন্য কোন সংস্থার চাঁদা বা খরচ শিপইয়ার্ড বহন করবে না। পরিবহনকালীন সময়ে পথিমধ্যে যাবতীয় খরচ ঠিকাদার / পরিবহনকারী সংস্থাকে বহন করতে হবে।

৩। মালামাল খুলনা শিপইয়ার্ড জেটিতে পৌঁছাতে হবে। কার্গো/ বার্জ হতে খুলনা শিপইয়ার্ডে মালামাল নামানোর জন্য শিপইয়ার্ড এর ক্রেন সুবিধা দেওয়া হবে। খুশিলির নিজস্ব পরিবহণ ব্যবস্থাপনায় খুশিলির জেটি হতে মালামালসহ খুশিলির অভ্যন্তরের নির্দিষ্ট স্থানে স্থানান্তর করা হবে।

৪। টেন্ডারের সহিত আর্নেষ্ট মানি/বিড বন্ড হিসেবে টাকা ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) এর পে-অর্ডার খুলনা শিপইয়ার্ড লিমিটেড, এর অনুকূলে জমা দিতে হবে। দরদাতা প্রদানকৃত দরে কার্যাদেশ গ্রহনে ব্যর্থ হলে আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করা যেতে পারে। উল্লেখ্য যে খুলনা শিপইয়ার্ডে তালিকাভূক্ত ঠিকাদার/সরবরাহকারীদের আর্নেষ্ট মানি প্রদান করার প্রয়োজন নাই। কৃতকার্য্য দরদাতাকে কার্য্যাদেশ পাওয়ার পূর্বে জামানত হিসাবে টাকা ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ) মাত্র পে-অর্ডারের মাধ্যমে শিপইয়ার্ডের অনুকূলে জমা দিতে হবে।

৫। পরিবহনকালীন সময়ে দ্রব্যের কোন ক্ষয়ক্ষতি হলে তাহার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহন ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতিপূরন করতে ঠিকাদার বাধ্য থাকবে। পরিবহনকারী কার্গো/ বার্জ এর অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

৬। দরদাতাগনের অবশ্যই ট্রান্সপোর্ট অফিস এবং টেলিফোন/মোবাইল থাকতে হবে। কৃতকার্য্য দরদাতাকে পরিবহন কার্য্য ত্বরান্বিত করার জন্য শিপইয়ার্ডের নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ডেমারেজ ও অন্যান্য ক্ষতি ঠিকাদার / পরিবহনকারী সংস্থা, শিপইয়ার্ডকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

৭। দরপত্র আগামী ২৫ জুন ২০২৩ সময়: সকাল ১১:১৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং একই দিনে বেলা ১১৩০ ঘটিকায় দরদাতার প্রতিনিধির সম্মুখে খোলা হবে।

০৮। দরপত্র সীল মোহরকৃত খামে ডাকে অথবা ই-মেইলে (dgml.ksy@gmail.com) পাঠানো যেতে পারে অথবা শিপইয়ার্ড গেটে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেওয়া যেতে পারে। তবে ই-মেইলে প্রেরিত দরপত্রের ক্ষেত্রে টাকা ৩০,০০০.০০ পে-অর্ডার এর স্ক্যান কপি সংযুক্ত করতে হবে এবং অরিজিনাল কপি ৪৮ ঘন্টার মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহন করা হবে না। দরপত্রগুলি অবশ্যই পরিস্কারভাবে কালি দ্বারা লিখিত অথবা মুদ্রাক্ষরে লিখিত হতে হবে। পেনসিল দ্বারা লিখিত অথবা পূনঃ লিখন বাতিল বলে গন্য হতে পারে।

৯। সম্পূর্ণ দ্রব্য পরিবহনের পর সরবরাহকৃত দ্রব্যের ১ (এক) কপি চালানসহ ৩ (তিন) কপি বিল দাখিল করতে হবে এবং শিপইয়ার্ডের প্রধান ভান্ডার কর্তৃক দ্রব্য গ্রহনের প্রতিবেদন পাওয়ার পর হিসাব বিভাগ, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১০। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১১। দরপত্র দাতাদের নিম্ন লিখিত ডকুমেন্টস দরপত্রের সংগে দাখিল করতে হবে।

ক। ব্যাংকের স্বচ্ছলতা সার্টিফিকেট
খ। আয়কর পরিশোধ সার্টিফিকেট
গ। ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট

১২। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বাক্সের ভিতর ফেলতে হবে।

ম্যানেজিং ডাইরেক্টর
খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

**টেন্ডার নং ঃ বাবি (এফ)-১৩/কার্গো পরিবহন /২০২২-২০২৩ তারিখ: ১৯ জুন ২০২৩**
**টেন্ডার খোলার তারিখ: ২৫ জুন ২০২৩ সময়: সকাল ১১:৩০ ঘটিকা।**

১৩। উল্লিখিত মালামাল কোন কারণে, চট্টগ্রাম বন্দরে পৌছাইতে বিলম্ব হলে পরিবহণ কার্য্য বিলম্ব হবে। এই বিলম্বের জন্য খুলনা শিপইয়ার্ড লিমিটেড, পরিবহন ঠিকাদার এর ক্ষয়-ক্ষতির কোন প্রকার দায় দায়িত্ব গ্রহণ করবে না।

১৪। উপরোক্ত শর্তাবলীর উপর কোন মত বিরোধ দেখা দিলে বিষয়টির নিস্পত্তির জন্য উভয়পক্ষের মতানুসারে একটি সালিশী পক্ষ ডাকা হবে এবং তাহাতে বিফল হলে খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা কর্তৃক মনোনীত শালিসী পক্ষের মধ্যস্থতায় নিস্পত্তির চেষ্টা করা হবে। তাহাতেও বিফল হলে উভয় শালিসী পক্ষের লিখিত মনোনয়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাহার গৃহীত সিদ্ধান্ত উভয় পক্ষকে মেনে নিতে হবে এবং সেই সিদ্ধান্তের উপর বর্নিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং তাহা উভয় পক্ষকে মেনে নিতে হবে।

১৫। উল্লিখিত দ্রব্যাদি পরিবহনের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারন দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট টেন্ডারটি বাতিল অথবা পূনঃ টেন্ডার করার ক্ষমতা খুলনা শিপইয়ার্ড লিমিটেড সংরক্ষন করে।

আপনাদের বিশ্বস্ত

শেখ শাহ মশিউর রহমান
ম্যানেজার কমার্শিয়াল
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর